

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তাওয়াফ ইফাযার পূর্বেই মাসিক শুরু হলে মহিলার কর্তব্য কি?

তাওয়াফ ইফাযার পূর্বে মাসিক শুরু হলে তওয়াফ ও সাঈ ছাড়া হজ্জের সব কিছুই করবে। অতঃপর সফর করার আগে পবিত্রা না হলে এবং সফর জরুরী হলে সফর করবে। কিন্তু বাড়ীতে ঐ ইহরাম অবস্থাতেই থাকবে। সুগিন্ধি ইত্যাদি ব্যাবহার করবে না। স্বামীর সাথে কোন প্রকার যৌনাচারে লিপ্ত হবে না। অতঃপর পবিত্র হলে মক্কায় ফিরে এসে তাওয়াফ ও সাঈ করবে। যদি ফিরে আসা অসম্ভব মনে হয়, তাহলে মক্কায় মাসিক বন্ধ করার ইঞ্জেকশন (বা ট্যাবলেট)ব্যবহার করবে। তা সম্ভব না হলে লজ্জাস্থানে পটি বেঁধে তওয়াফ করে নেবে। ৩৪৫ (ফাতাওয়া ইসলামিয়্যাহ ২/২৩৭)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=258

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন